  b) All grievances connected with the facility for voting by electronic means may be addressed to Mr. Rakesh Dalvi, Sr. Manager, (CDSL) Central Depository Services (India) Limited, A Wing, 25th Floor, Marathon Futurex, Mafatlal Mill Compounds, N M Joshi Marg, Lower Parel (East), Mumbai-400013 or send an email to helpdesk.evoting@cdslindia.com or call on 022-23058542/43.
- The Notice of AGM is available on the Company's website www.ranasugars.com, on the website of Stock Exchanges i.e. BSE Limited and National Stock Exchange of India Limited.

The Register of Members and the Share Transfer books of the Company will remain closed from Saturday, September 25, 2021 to Thursday, September 30, 2021 (both days inclusive).

Manner of registering/ updating email addresses

Members holding shares in physical mode and who have not registered/ updated their mail are requested to update their email addresses to RTA at rta@alankit.com along with the copy of signed letter mentioning the name of member and address of member, self-attested copy of PAN card and self-attested copy of any document (e.g. Driving License, Election Card, Passport) in support of the address of the member. Member holding shares in dematerialised mode are requested to register/ update their email addresses with the relevant Depository Participants. In case of any queries/ difficulties in registering the e-mail address, Members may write to rta@alankit.com.

Manner of joining the AGM

A facility to attend the AGM through VC/ OAVM is available through the CDSL e-Voting system at www.evotingindia.com.

For Rana Sugars Limited
Sd/-
Manmohan K. Raina
Company Secretary

Date : 04th September, 2021
Place: Chandigarh

জন্মদিনের দিন নদীতে স্নান করতে নেমে নিখোঁজ কিশোর, শোকের ছায়া এলাকায়

নিজস্ব প্রতিবেদন, মালদা: নদীতে স্নান করতে গিয়ে গভীর জলে তলিয় গেল সাত বছরের এক নাবালক। রবিবার সকাল ১১ টায় ঘটনাটি ঘটেছে, পুরাতন মালদা থানার মহানন্দা ভবন সংলগ্ন এলাকার ঘাটে। শেষ পাওয়া খবরে পুলিশ এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা দপ্তরের কর্মীরা ওই নাবালকের সন্ধান চালিয়ে তার খোঁজ পায়নি। পরিবার সূত্রে জানা গিয়েছে, এদিন ওই নাবালকের জন্মদিন ছিল। আর জন্মদিনের দিন একমাত্র ছেলেকে হারিয়ে শোকে মুহ্যমান গোটা পরিবার।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, নিখোঁজ হওয়া নাবালকের নাম রমজান শেখ। তার বয়স সাত বছর। বাড়ি পুরাতন মালদা পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের খয়েরাতি পাড়া এলাকায়। এদিন সকালে নদীতে স্নান করতে গিয়েছিল রমজান শেখ। ভরা বর্ষার মরশুমে নদীর গভীরে আচমকাই তলিয়ে যায় সে। এরপরই গোটা এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঘটনার খবর পেয়ে এলাকায় পৌঁছয় পুরাতন মালদা থানার

মালদা

পুলিশ। পরে ওই নাবালকের সন্ধানে স্পিডবোট নিয়ে আসে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীরা।

নদীতে তলিয়ে যাওয়া নিখোঁজ নাবালকের বাবা সালাম শেখ জানিয়েছেন, আজকে ছেলের জন্মদিন ছিল। বাড়িতে আত্মীয় স্বজনদেরও নিমন্ত্রণ করেছিলাম। কিন্তু কখন ছেলে নদীতে স্নান করতে চলে গেছিল, সেটা জানতাম না। পরে আশপাশের এলাকার লোকেদের মাধ্যমে জানতে পারি আমার ছেলে মহানন্দা নদীতে তলিয়ে গিয়েছে। দীর্ঘ কয়েক ঘণ্টা ধরে খোঁজ চালিয়েও ছেলের সন্ধান পায়নি। এই ঘটনায় নিখোঁজের পরিবারের দিশেহারা হয়ে পড়েছেন।

সংশ্লিষ্ট এলাকার পুরাতন মালদা পুরসভার প্রাক্তন কাউন্সিলর শঙ্কু ভট্টাচার্য্য জানিয়েছেন, ঘটনাটি খুবই দুঃখজনক। ওই নাবালক ছেলেটির জন্মদিন ছিল। আর তার মধ্যে এমন মর্মান্তিক ঘটনা ঘটল। পুলিশ ও প্রশাসন যথাসাধ্য চেষ্টা করছে নাবালকটিকে উদ্ধার করার।

দুর্ঘটনার জেরে রণক্ষেত্র চেহারা নিল জামুড়িয়া শিল্পতালুক

সোমনাথ মুখোপাধ্যায়



জামুড়িয়া: দুর্ঘটনার জেরে রণক্ষেত্রর চেহারা নিল জামুড়িয়ার জাদুডাঙা এলাকার একটি বেসরকারি কারখানার সামনে। স্থানীয়দের উপর মারধর ও গুলি চালানোর অভিযোগ কারখানা সুরক্ষা কর্মীদের বিরুদ্ধে। এই ঘটনার প্রতিবাদে দীর্ঘক্ষণ কারখানা গেটের সামনে বিক্ষোভ দেখায় স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা অঞ্জন সরকার জানান, রাস্তার ধারে কারখানায় বিভিন্ন সরঞ্জাম নিয়ে যাতায়াত করা লরিগুলো দাঁড়িয়ে থাকার ফলে রাস্তা অনেক সংকীর্ণ হয়ে যায়। বারবার কারখানা কর্তৃপক্ষকে জানিয়েও কোনও লাভ হয়নি। রবিবার সকালে একটি লরি একজন মোটরবাইকে ধাক্কা মারলে গুরুতর আহত হন ওই মোটরবাইক আরোহী। তাকে স্থানীয়রা চিকিৎসার জন্য আসানসোল জেলা হাসপাতালে পাঠায়। এরপর এই ঘটনার প্রতিবাদ জানাতে স্থানীয়রা ওই বেসরকারি কারখানার গেটের সামনে জড়ো হলে তাদের উপর যথেচ্ছ লাঠিচার্জ করা হয় বলে অভিযোগ গ্রামবাসীদের। পুনরায় স্থানীয়রা সংঘটিত হয়ে প্রতিবাদ জানাতে গেলে স্থানীয়দের উদ্দেশ্যে গুলি চালানোর অভিযোগ ওঠে কারখানার নিরাপত্তারক্ষীদের বিরুদ্ধে। এরপরই আশপাশ গ্রাম থেকে প্রচুর সংখ্যক স্থানীয় বাসিন্দারা জমায়েত করেন। পরিস্থিতি উত্তপ্ত থাকায় জামুড়িয়া থানা বিশাল পুলিশবাহিনী মোতায়েন করে। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়।

১২ই সেপ্টঃ (রবিবার) | সন্ধ্যা ৬.৩০টা

প্রতিবিম্ব

Financial Assistance : MINISTRY OF CULTURE GOVT. OF INDIA

মনোজ মিত্রের

অপারেশন ভোমরাগড়

নির্দেশনা- চার্বাক চ্যাটার্জী

ইউনির্ভাসিটি ইনস্টিটিউট হল

৮৯৬১১৩৫০৪৪ | সেই দিনই হলে টিকিট

বাইক চোর সন্দেহে যুবককে গণপিটুনির অভিযোগ, আটক ২

নিজস্ব প্রতিবেদন, মালদা: মোটর বাইক চোর সন্দেহে এক যুবককে রাস্তার বিদ্যুতের খুঁটিতে বেঁধে গণপিটুনি দেওয়ার অভিযোগ উঠল। গুরুতর জখম অবস্থায় পরে ঘটনাস্থলে এসে ওই যুবককে উদ্ধার করে পুরাতন মালদা থানার পুলিশ। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার মঙ্গলবাড়ি পেট্রোল পাম্প এলাকার সামনে। যদিও পরে এই গণপিটুনির ঘটনায় পুলিশ দু'জনকে আটক করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মানসিক ভারসাম্যহীন ব্যক্তির নাম সরিফ শেখ (২৯)। তার বাড়ির সঠিক ঠিকানা জানা যায়নি। আটক হওয়া দু'জনের নাম সুবীর মণ্ডল এবং নিতাই রবি দাস। বাড়ি মালদা থানার

মালদা

কোর্ট স্টেশন এলাকায়। এই মানসিক ভারসাম্যহীন ব্যক্তি মঙ্গলবাড়ি পেট্রোল পাম্প এলাকায় ঘোরাঘুরি করছিল। সেই সময় একটি মোটরবাইকের সামনে সন্দেহভাজনভাবে ঘোরাঘুরি করছিল। সেই সময় স্থানীয় কিছু জনতা মোটর বাইক চোর সন্দেহে ওই মানসিক ভারসাম্যহীন ব্যক্তিকে আটক করে ইলেকট্রিক খুঁটিতে বেধে ব্যাপক মারধর চালায় বলে অভিযোগ সেখানকার কিছু মানুষের বিরুদ্ধে। যদিও খবর পেয়ে মঙ্গলবাড়ি ফাঁড়ির পুলিশ সেই মানসিক ভারসাম্যহীন ব্যক্তিকে সেখান থেকে উদ্ধার করে নিয়ে আসে। ঘটনার তদন্ত শুরু করেছে মঙ্গলবাড়ি ফাঁড়ির পুলিশ।

এই বিষয়ে মালদা জেলা পুলিশ সুপার অলোক রাজোরিয়া জানিয়েছেন, যারা এই ধরনের ঘটনা ঘটিয়েছে তাদের বিরুদ্ধে আইনানুগভাবে ব্যবস্থা নেওয়া হবে। দু'জনকে আটক করা হয়েছে। বাকিদের খোঁজ শুরু হয়েছে। যদি কেউ কোনও অপরাধ করে থাকে তাহলে স্থানীয় প্রশাসনকে জানালে পুলিশ ব্যবস্থা নেবে।

শুভেন্দু ও সুজনকে কটাক্ষ করে নির্বাচন কমিশনের প্রশংসায় ফিরহাদ হাকিম



নিজস্ব প্রতিবেদন, বারাসত: বারাসতের নোয়াপাড়ায় বেসরকারি উদ্যোগে তৈরি এসকেএম মাল্টিস্পেশ্যালিটি হসপিটালের উদ্বোধন করতে এলেন পরিবহণমন্ত্রী ফিরহাদ হাকিম। এদিন তিনি শুভেন্দু অধিকারী ও সিপিএম নেতা সুজন চক্রবর্তীকে তুলোধনা করে, নির্বাচন কমিশনের প্রশংসা করলেন। পাশাপাশি আগামীদিনে স্বাস্থ্যসাথী কার্ডের সার্বিক গ্রহণযোগ্যতা বাড়বে বলেও তিনি দাবি করেন। এদিনের অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী রথীন ঘোষ, সাংসদ কাকলী ঘোষ দস্তিদার, জেলা পরিষদের সহ সভাধিপতি কৃষ্ণ গোপাল বন্দ্যোপাধ্যায় সহ আরো অনেকে।

এদিন উপনির্বাচন নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ফিরহাদ হাকিম বলেন, মমতা ব্যানার্জি ২১৩ টি কেন্দ্রেই জিতেছেন। আমিও মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি নিয়ে জিতেছি। মানুষ চায় তিনি বাংলার মানুষের মুখ্যমন্ত্রী থাকুন। অনেক টালবাহানা করে অবশেষে বাংলার মানুষের প্রত্যাশাকে মর্যাদা দিয়ে নির্বাচন কমিশন নির্বাচন করছেন। সব জায়গায় করে নিলেই ভালো হত। হয়তো পরবর্তীতে বাকিগুলোর জন্য নোটিফিকেশন জারি করবে কমিশন, এভাবেই বারাসতে দাঁড়িয়ে ভবানীপুরের উপনির্বাচনকে স্বাগত জানালেন তিনি। পাশাপাশি উপনির্বাচন নিয়ে চিফ সেক্রেটারির তৎপরতা কোনও আইনি জটিলতা করবে না বলেই তিনি দাবি করেন। ভবানীপুর উপনির্বাচন প্রসঙ্গে বিজেপি ও শুভেন্দু অধিকারীর সমালোচনাকে নস্যাৎ করে পাল্টা বলেন, উনি কখন কোন দলে আছেন নিজেই জানেন না তাই কথার ব্যাখ্যা দেওয়ার প্রশ্ন নেই। পাশাপাশি উপনির্বাচন ঘিরে সুজন চক্রবর্তী ও বাম তথা সংযুক্ত মোর্চার বিজেপি তৃণমুল আঁতাত কেন্দ্রিক সমালোচনার জবাবে তিনি বলেন, দিদি ভাই, মোদি ভাই করতে করতে অস্তিত্বহীন হয়ে পড়েছেন সুজনদারা। ভগবান ওঁদের ক্ষমা করে দিক ওরা জানে না ওরা কি বলছে। স্বাস্থ্যসাথী কার্ড প্রসঙ্গে তিনি বলেন, করোনা পরিস্থিতিতে বহু স্বাস্থ্যকেন্দ্র তাদের পর্যাপ্ত পরিষেবা দিতে পারছে না। তাই একশ্রেণির নার্সিংহোমের মালিকেরা অন্যান্য হেলথ্ ইনসিওরেন্স কার্ড থেকে বেশি মুনাফার লোভে স্বাস্থ্যসাথী কার্ডকে উপেক্ষা করতে চাইছে। সরকার যেমন বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছে। রবিবার বারাসতের সাংসদ কাকলি ঘোষ দস্তিদার এদিন শিক্ষক দিবসে সর্বপল্লী রাধাকৃষ্ণণকে স্মরণ করেন। এদিন তিনি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করছেন তাঁর জীবনের শিক্ষক মমতা বন্দ্যোপাধ্যায়কে। পাশাপাশি রাজ্যের প্রতিটি প্রান্তে থাকা শিক্ষকদের বাড়িতে গিয়ে মহিলা তৃণমূল কংগ্রেসের কর্মীরা সম্মাননা জানিয়েছেন বলে দাবি করেন। সেই সঙ্গে ত্রিপুরাতে বিজেপি শাসিত রাজ্যে সাড়ে ১০ হাজার শিক্ষককে মেরে চাকরি থেকে তাড়িয়ে দেওয়া হয়েছে, এদিন সেই ঘটনারও তিনি ধিক্কার জানান।

চাকরির দাবিতে বিক্ষোভ দেখালেন ডিএলএড, টেট প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকেরা

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: শিক্ষক দিবসের দিন নিয়োগের দাবিতে পথে নেমে বিক্ষোভ কর্মসূচি পালন করলেন ডিএলএড, টেট প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকেরা। শিক্ষক পদে নিয়োগের দাবিতে ডিএলএড, টেট প্রশিক্ষণপ্রাপ্ত শতাধিক শিক্ষক শিক্ষিকা অবস্থান-বিক্ষোভে সামিল হলেন নদিয়ার কৃষ্ণনগর শহরের ব্যস্ততম এলাকা সদর হাসপাতাল মোড় এলাকায়। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে রাজ্য সরকারের নির্দেশাবলিকে সম্পূর্ণ মান্যতা দিয়ে ডিএলএড ও টেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরেও আজও পর্যন্ত সরকারি উদ্যোগে শিক্ষক পদে নিয়োগের কোনো ব্যবস্থা করা হয়নি প্রশিক্ষণপ্রাপ্ত এইসব শিক্ষক-শিক্ষিকাদের। অতএব, অবিলম্বে তাদের নিয়োগ করা হোক সরকার পোষিত বিদ্যালয়গুলোতে। মূলত এই দাবিতেই শিক্ষক দিবসের দিন কৃষ্ণনগর শহরে পথে বসে এক বিক্ষোভ সমাবেশে সামিল হলেন শতাধিক কর্মপ্রার্থী

নদিয়া

শিক্ষক-শিক্ষিকারা। এই দিন প্রায় এক ঘণ্টা ব্যাপী প্রকাশ্য রাস্তায় বসে বিক্ষোভ দেখান কর্ম প্রার্থী শিক্ষক শিক্ষিকারা। অবিলম্বে তাদের এই দাবি পূরণ না হলে আগামী দিনে আরও বড় আন্দোলনের পথে হাঁটবেন শিক্ষক ঐক্য মঞ্চের সদস্যরা বলে জানিয়েছেন বিক্ষোভকারীরা।

SBI স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, দক্ষিণবঙ্গ
জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১
ফোন: (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স: (০৩৩) ২২৮৮ ৪৩০২, ইমেল: sbi.15198@sbi.co.in

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট-৪ [রুল-৮(১)]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, দক্ষিণবঙ্গ,** জীবন দীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-র অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর **রুল ৩** -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে অর্পিত ক্ষমতাবলে, ২৩.০৪.২০২১ তারিখে সারফেইসি অ্যাক্ট, ২০০২ এর সেকশন ১৩(২) অধীনে একটি দাবি বিজ্ঞপ্তি জারিপূর্বক **শ্রী সুতনু মিত্র,** ফ্ল্যাট নং ২১, ৫ম তল (নর্থ ইস্ট সাইড), ১৩১ এবং ১৩২ শরৎ চ্যাটার্জি রোড, পোস্ট - শিবপুর, হাওড়া -৭১১১০২ -কে আহ্বান জানিয়ে, বিজ্ঞপ্তিতে উল্লিখিত টাকার অঙ্ক **২৯,৮২,৬৭৫.০০ টাকা (উনত্রিশ লক্ষ বিরাশি হাজার ছ'শো পঁচাত্তর টাকা মাত্র) ২৩.০৪.২০২১ তারিখ অনুযায়ী,** এবং এর উপর আরও সুদ ২৪.০৪.২০২১ থেকে, মূল্য, খরচ এবং আনুষঙ্গিক চার্জ পরিশোধ করতে বলেন উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর।
ঋণগ্রহীতা/বন্ধকদাতা(গণ)/জামিনদার(গণ) টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতা/বন্ধকদাতা(গণ)/জামিনদার(গণ)কে এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন, **৪ সেপ্টেম্বর ২০২১** তারিখে উক্ত রুলস -এর রুল ৮ -এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩(৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে।
বিশেষভাবে ঋণগ্রহীতা/বন্ধকদাতা(গণ)/জামিনদার(গণ)কে এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে **২৯,৮২,৬৭৫.০০ টাকা (উনত্রিশ লক্ষ বিরাশি হাজার ছ'শো পঁচাত্তর টাকা মাত্র) ২৩.০৪.২০২১ তারিখ অনুযায়ী** তৎসহ তদুপরি অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক খরচ, মূল্য চার্জ ইত্যাদি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, জীবন দীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১ এর ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতাগণের-এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন (১৩)-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পদের দায়মুক্ত হতে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তির মালিক সুতনু মিত্র।
বহুতল ভবনের পঞ্চম তলায় উত্তর পূর্ব দিকে অবস্থিত লিফ্ট সুবিধা সহ ১১২৭ বর্গফুট (কমবেশি) সুপার বিল্ট আপ এলাকাযুক্ত মার্বেল মেঝের আবাসিক ফ্ল্যাট নং ২১, এর সকল যার আছে ৩টি বেডরুম, ১টি ডাইনিং, একটি রান্নাঘর, ২ টয়লেট এবং ২টি ব্যালকনি তৎসহ উক্ত ভবনের সাধারণ এলাকা ও সাধারণ সুবিধাদি সহ নীচের জমির অবিভাজ্য, নিরপেক্ষ এবং পরিবর্তনশীল শেয়ার, যার অবস্থান হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রেমিসেস নং ১৩১ ও ১৩২, শরৎ চ্যাটার্জি রোড (অবিনাশ ব্যানার্জি লেন-কাইপুকুর জোন) এল.আর. দাগ নং ২৩৪ এর অন্তর্ভুক্ত খতিয়ান নং ৩০১, ৩০২,৩০৩, ৩০৪, ৩০৫,৩০৬, ৩০৭, ৩০৮,৩০৯ সম্পর্কিত, মৌজা-শিবপুর, জে.এল. নং ১, শীট নং ৮৪, থানা-শিবপুর জেলা- হাওড়া এইচএমসি ওয়ার্ড নং ৩৮ তে অবস্থিত।
সম্পত্তিটি ডিড নং ০৫০১০৫১৫৩ সাল ২০১৭ এর দ্বারা শ্রী সুতনু মিত্রের নামে ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রারের অফিস, ডিএসআর হাওড়া, বুক-আই, ভলিউম নং-০৫০১-২০১৭, পৃষ্ঠা ১৪১২০৮ থেকে ১৪১২৬৯ তে নিবন্ধিত।

বিঃদ্রঃ: দখল বিজ্ঞপ্তি ইতিমধ্যেই ঋণগ্রহীতা/জামিনদারের কাছে স্পিড পোস্ট মাধ্যমে পাঠানো হয়েছে। যদি ঋণগ্রহীতা/জামিনদার তা না পেয়ে থাকেন, তাহলে এই বিজ্ঞপ্তিটিকেই তাঁদের কাছে পরিষেবার বিকল্প মাধ্যম হিসেবে গণ্য করতে হবে।

তারিখ : ০৪.০৯.২০২১, স্থান : কলকাতা | অনুমোদিত আধিকারিক, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

অধীররঞ্জন চৌধুরীর গাড়ির ওপর হামলার প্রতিবাদে পানাগড় বাজারে কংগ্রেসের প্রতিবাদ কর্মসূচি



নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: মুর্শিদাবাদে আক্রান্ত কংগ্রেস কর্মীদের দেখতে যাওয়ার পথে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর গাড়ির ওপর হামলার প্রতিবাদ। পানাগড় বাজারের চৌমাথা মোড়ে অধীর রঞ্জন চৌধুরীর মুখোশ পড়ে প্রতিবাদ জানালেন কাঁকসা ব্লকে কংগ্রেস কর্মী সমর্থকরা। রবিবার সকালে অধীর রঞ্জন চৌধুরীর ওপর হামলার প্রতিবাদে পানাগড় বাজারে চৌমাথা মোড়ে ঘটনার প্রতিবাদে সরব হন কংগ্রেস কর্মীরা। কাঁকসা ব্লকের কংগ্রেস সভাপতি পুরব বন্দ্যোপাধ্যায় বলেন, মুর্শিদাবাদে দলের আক্রান্ত কর্মীদের পাশে দাঁড়ানোর জন্য যখন কর্মীদের দেখতে অধীর রঞ্জন চৌধুরী যাচ্ছিলেন, সেই সময় তাঁর গাড়ির ওপর হামলা চালায় তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা। এই ঘটনার প্রতিবাদে ঘটনার তীব্র নিন্দা জানান তাঁরা। তিনি বলেন, রাজ্যে কংগ্রেস এবং সিপিআইএম-কে ভয় পেয়ে বিজেপি এবং তৃণমূল আঁতাত করে চলছে। যার জন্য পশ্চিমবঙ্গের বুকে শূন্য হয়েও আজ কংগ্রেস কর্মীদের আক্রান্ত হতে হচ্ছে। পাশাপাশি প্রদেশ কংগ্রেস সভাপতিকেও আক্রান্ত হতে হচ্ছে। আগামী দিনে এই ঘটনার প্রতিবাদে কংগ্রেস কর্মীরা রাস্তায় নেমে তীব্র প্রতিবাদ জানাবেন বলে হুঁশিয়ারি দেন কাঁকসা ব্লকের কংগ্রেস সভাপতি পুরব বন্দ্যোপাধ্যায়।

শান্তিনিকেতনের মতো রায়গঞ্জে শুরু 'গাছতলায় পাঠশালা'



নিজস্ব প্রতিবেদন, রায়গঞ্জ: রবি ঠাকুরের শান্তিনিকেতনের ধাঁচেই মুক্ত পরিবেশে খুদেদের পঠন পাঠন শুরু করেছে রায়গঞ্জের বেশকিছু প্রাথমিক স্কুলের শিক্ষক শিক্ষিকা। নাম দেওয়া হয়েছে 'গাছতলায় পাঠশালা'। প্রান্তিক পরিবারের ছেলেমেয়েদের যাদের অনলাইনে পড়াশুনা করার মতো আর্থিক সামর্থ্য নেই তাদের নিয়েই এই গাছতলায় পাঠশালা বসেছে রায়গঞ্জের খোলা আকাশের নীচে গাছের ছায়ায়। শিক্ষক মশাইয়েরা নিজেদের অর্থেই কিনে আনছেন খাতা কলম ও টিফিন। পাঠদানের পাশাপাশি তাদের মধ্যে বিলি করছেন সেগুলো। খুশি দিন আনি দিন খাই পরিবারের খুদে পড়ুয়ারা। দীর্ঘ দেড় বছর ধরে অতিমারি করোনার কারণে বন্ধ রয়েছে সমস্ত স্কুল কলেজ সহ শিক্ষা প্রতিষ্ঠান। স্কুল বন্ধ থাকায় সবচেয়ে বেশি পড়াশোনার ক্ষতি হয়েছে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের। তুলনামূলকভাবে শহরের স্কুলগুলোতে অনলাইনে ক্লাস চালানো সম্ভব হলেও প্রত্যন্ত গ্রামগঞ্জের প্রান্তিক পরিবারের ছেলেমেয়েদের সেই সুযোগ থাকে না। তাদের পরিবারের বাবা মা পেটের তাগিদে কাজে চলে যান। পড়ুয়াদের পড়াশুনা দেখানোর মতো সক্ষমতাও তাঁদের থাকে না। ফলে পড়াশুনা থেকে একেবারে দূরে চলে যাচ্ছিল প্রত্যন্ত এলাকার প্রাথমিক বিদ্যালয়ের খুদে পড়ুয়ারা। মূলত তাদের উদ্দেশ্যেই রায়গঞ্জ শহরের বেশকিছু প্রাথমিক স্কুলের শিক্ষক শিক্ষিকারা এই 'গাছতলায় পাঠশালা' কর্মসূচি বেছে নিয়েছেন। গ্রামের কোনও মাঠের গাছের তলায় সামাজিক দূরত্ব বিধি মেনে তাদের বসিয়ে পাঠদান করছেন তাঁরা। গাছের সঙ্গে ব্ল্যাকবোর্ড টাঙিয়ে শ্রেণিকক্ষের মতোই পড়াচ্ছেন শিক্ষকেরা। খোলা আকাশের নীচে গাছের ছায়ায় বসে মুক্ত পরিবেশে পাঠদান করে যেমন আনন্দ পাচ্ছেন পাঠশালার গুরুমশাইয়েরা, তেমনি প্রবল উৎসাহের সঙ্গে মন দিয়ে শিখছেন শিষ্যরাও। পড়া শেষে শিক্ষকদের হাত থেকে উপহার পেয়ে খুশি গ্রামগঞ্জের প্রত্যন্ত অঞ্চলের খুদে পড়ুয়ারা।

সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড
CIN: L65993WB1989PLC047002
রেজিস্টার্ড অফিস: আজিমগঞ্জ হাউস, ৩য় তল, ৭ অবনীন্দ্র নাথ ঠাকুর সরণি (পূর্বতন ক্যামাক স্ট্রিট), কলকাতা-৭০০০১৭
দূরভাষ: (০৩৩) ২২৮২ ৯৩৩০, ফ্যাক্স: (০৩৩) ২২৮২ ৯৩৩৫
ই-মেল: info@sastasundar.com ওয়েবসাইট: www.sastasundarventures.com

৩২তম বার্ষিক সাধারণ সভা এবং ই-ভোটিং তথ্যের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড ("দ্য কোম্পানি")-এর ৩২তম বার্ষিক সাধারণ সভা ("দ্য এজিএম") ভিডিও-কনফারেন্স ('ভিসি')/আদার অডিও-ভিজুয়াল মিনস('ওএভিএম') এর মাধ্যমে অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ২৮ সেপ্টেম্বর, ২০২১ সকাল ১১.০০টায় (আইএসটি) কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর প্রযোজ্য বিধান এবং তার অধীন প্রণীত বিধিগুলি তৎসহ পঠিত কর্পোরেট বিষয়ক মন্ত্রক ('এমসিএ') কর্তৃক প্রদত্ত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল ২০২০, নং ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল ২০২০, নং ২০/২০২০ তারিখ ৫ মে, ২০২০ এবং জেনারেল সার্কুলার নং ০২/২০২১, তারিখ ১৩ জানুয়ারি, ২০২১ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ('সেবি সার্কুলার') কর্তৃক ইস্যু করা সার্কুলার নং এসইবিই/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/২০২০/৭৯ তারিখ ১২ মে ২০২০ এবং এসইবিই/এইচও/সিএফডি/সিএমডি২/সিআইআর/পি/২০২১/১১ তারিখ ১৫ জানুয়ারী, ২০২১ এর সঙ্গে সঙ্গতি রেখে ৩২তম এজিএমের নোটিশে নির্ধারিত ব্যবসা লেনদেনের জন্য। সভায় অংশগ্রহণের বিস্তারিত পদ্ধতি বার্ষিক সাধারণ সভার নোটিশে বলা হয়েছে।
উপরে উল্লিখিত সার্কুলারগুলি মেনে, সদস্যদের এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানি বার্ষিক সাধারণ সভার নোটিশের ইলেকট্রনিক কপি এবং ২০২০-২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন সমস্ত শেয়ারহোল্ডারদের কাছে ৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখে পাঠিয়েছে যাদের ইমেল ঠিকানা কোম্পানির/রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্টস/ডিপোজিটারি পার্টিসিপেন্ট(গুলি) সাথে নিবন্ধিত। বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদনটি কোম্পানির ওয়েবসাইট www.sastasundarventures.com লিঙ্ক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড (www.instavote.linkintime.co.in) এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ বিএসই লিমিটেড (www.bseinida.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com) তে পাওয়া যাবে।
এজিএমের নোটিশ প্রেরণের পর এবং মঙ্গলবার, ২১ সেপ্টেম্বর ২০২১ (কাট-অফ ডেট) বা তার আগে কোম্পানির সদস্য হওয়া যেকোনো ব্যক্তিকে এজিএম নোটিশে উল্লিখিত ই-ভোটিং এর জন্য নির্দেশনা অনুসরণ করতে হবে, যা উপলব্ধ কোম্পানির ওয়েবসাইটে। কোন জিজ্ঞাসার ক্ষেত্রে, শেয়ারহোল্ডাররা রেজিস্ট্রার এন্ড ট্রান্সফার এজেন্ট লিঙ্ক ইনটাইম প্রাইভেট লিমিটেড ("এলআইপিএল") এর সাথে যোগাযোগ করতে পারেন kolkata@linkintime.co.in -তে এবং প্রয়োজনীয় লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। সকল সদস্যদের জানানো হচ্ছে যে:
(১) ৩২তম বার্ষিক সাধারণ সভার নোটিশে বর্ণিত ব্যবসা ইলেকট্রনিক উপায়ে ভোটের মাধ্যমে লেনদেন করা হবে
(২) রিমোট ই-ভোটিং ২৫ সেপ্টেম্বর, ২০২১ সকাল ৯.০০টায় শুরু হবে
(৩) রিমোট ই-ভোটিং ২৭ সেপ্টেম্বর, ২০২১ বিকাল ৫.০০টায় শেষ হবে
(৪) ইলেকট্রনিক উপায়ে ভোট বা বার্ষিক সাধারণ সভায় ভোট দেওয়ার যোগ্যতা নির্ধারণের জন্য কাট-অফ তারিখ মঙ্গলবার, ২১ সেপ্টেম্বর, ২০২১
(৫) ইলেকট্রনিক্স উপায়ে ই-ভোটিং ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে বিকেল ৫.০০টার পরে অনুমোদিত হবে না
(৬) সদস্যরা আরও জানুন —
• রিমোট ই-ভোটিং লিংক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড দ্বারা ২৭ সেপ্টেম্বর, ২০২১ সন্ধ্যা ৫.০০টার পরে নিষ্ক্রিয় করে দেওয়া হবে এবং একবার সদস্যদের দেওয়া রেজোলিউশনে ভোট দেওয়ার পর, সদস্যদের পরবর্তীকালে এটি পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না।
• এজিএম-এর সময় ই-ভোটিং সুবিধাও পাওয়া যাবে এবং ভিসি সুবিধার মাধ্যমে এজিএমে উপস্থিত সদস্যরা, যারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে রেজোলিউশনে ভোট দেননি তারা ভোট দেওয়ার যোগ্য হবেন এজিএমে ই-ভোটিংয়ের মাধ্যমে এবং অন্যথায় তা করতে বাধা।
• বার্ষিক সাধারণ সভার পূর্বে যে সদস্যরা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দিয়েছেন তারা সভায় যোগ দিতে পারেন কিন্তু তারা আবার তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন না; এবং
• যে ব্যক্তির নাম সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরি দ্বারা সংরক্ষিত বেনেফিসিয়াল ওনার এর রেজিস্টারে লিপিবদ্ধ করা আছে শুধুমাত্র কাট-অফ ডেট হিসাবে কেবলমাত্র তারা ই-ভোটিং সুবিধা পাওয়ার অধিকারী হবে;
• প্র্যাকটিশরত কোম্পানি সেক্রেটারি শ্রী রাজ কুমার বানথিয়াকে (মেম্বারশিপ নং ১৭১৯০ এবং সিপি নং ১৮৪২৮) অংশীদার মেসার্স এমকেবি অ্যান্ড অ্যাসোসিয়েটস-কে স্ক্রুটিনাইজার হিসেবে নিয়োগ করেছে সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে ভোট প্রক্রিয়া (ই-ভোটিং বা অন্যথায়) স্ক্রুটিনি করার জন্য।
ভিসি বা ওএভিএম -এর উপর সভা অনুষ্ঠিত হচ্ছে যেখানে সদস্যদের শারীরিক উপস্থিতি বাতিল করা হয়েছে, সভায় উপস্থিত থাকার এবং ভোট দেওয়ার অধিকারী একজন সদস্য তার (পুং/স্ত্রী) পরিবর্তে সভায় উপস্থিত হওয়ার জন্য প্রক্সি নিয়োগের যোগ্য নয়।
৩২তম এজিএমের নোটিশে ই-ভোটিং পদ্ধতি প্রদান করা হয়েছে সেইসঙ্গে এলআইআইপিএল দ্বারা সদস্যদের কাছে ইমেইলে পাঠানো হয়েছে। অনুগ্রহ করে দেখুন এলআইআইপিএল এর ই-ভোটিং ওয়েবসাইট অর্থাৎ https://instavote.linkintime.co.in এর ডাউনলোড বিভাগে 'ই-ভোটিং ইউজার ম্যানুয়াল' উপলব্ধ সদস্যদের জন্য। যদি শেয়ারহোল্ডারদের ই-ভোটিং সংক্রান্ত কোন প্রশ্ন বা সমস্যা থাকে, অনুগ্রহ করে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী ("এফএকিউএস") তে উল্লেখ করুন এবং সহায়তা বিভাগের অধীনে https://instavote.linkintime.co.in তে ইনস্টাভোট ই-ভোটিং ইউজার ম্যানুয়াল উপলব্ধ, অথবা enotices@linkintime.co.in তে একটি ইমেল লিখুন অথবা কল করুন টেলিফোন নম্বর ০২২-৪৯১৮৬০০০ তে।
৩২তম এজিএম শেষ হওয়ার ৪৮ ঘন্টার মধ্যে ভোটের ফলাফল ঘোষণা করা হবে। স্ক্রুটিনাইজার এর রিপোর্ট সহ ঘোষিত ফলাফল কোম্পানির ওয়েবসাইট www.sastasundarventures.com এবং লিংক ইনটাইম ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের ই-ভোটিং ওয়েবসাইটে সাথে সাথেই পাওয়া যাবে। এই ধরনের ফলাফল কোম্পানি ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (এনএসই) এবং বিএসই লিমিটেড (বিএসই)-তেও পাঠাবে।

বোর্ডের আদেশক্রমে
সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড -এর পক্ষে
প্রতাপ সিং
কোম্পানি সেক্রেটারি
মেম্বারশিপ নং ACS 24081

স্থান: কলকাতা
তারিখ: ০৪.০৯.২০২১

ভারত-বাংলাদেশ সীমান্তে সোনার বিস্কুট উদ্ধার, পলাতক পাচারকারী

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: ভারত বাংলাদেশ সীমান্ত থেকে উদ্ধার কয়েক কোটি টাকার সোনার বিস্কুট। শনিবার রাতে ঘটনাটি ঘটেছে, উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহাকুমার স্বরূপনগর থানার ভারত-বাংলাদেশ সীমান্তে। শনিবার গভীর রাতে বাংলাদেশ থেকে এক পাচারকারী সোনার বিস্কুট নিয়ে ভারতে ঢোকার সময় ১১২ নম্বর ব্যাটেলিয়ান সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানদের সন্দেহ হয়। জওয়ানেরা তার কাছে যেতেই সোনার বিস্কুটের প্যাকেট ফেলে পালিয়ে যায়। ফেলে যাওয়া প্যাকেট থেকে উদ্ধার হয়েছে ২৪টি সোনার বিস্কুট। যার ওজন ২ কেজি ৬০০ গ্রাম। যার বাজারমূল্য প্রায় কয়েক কোটি টাকা।

সোনার বিস্কুটগুলো বাংলাদেশ থেকে ভারতে অবৈধভাবে ঢুকছিল। ১১২ নম্বর ব্যাটালিয়নের সীমান্তরক্ষী বাহিনীর আধিকারিকরা সোনার বিস্কুটগুলো ঘোজাডাঙা শুল্ক দপ্তরের হাতে তুলে দিয়েছে। এর সঙ্গে আন্তর্জাতিক কোনও পাচার চক্রের সঙ্গে যোগ রয়েছে কিনা সেটাও খতিয়ে দেখছে বিএসএফ। সীমান্তরক্ষী বাহিনীর প্রাথমিক অনুমান মালয়েশিয়া, মায়ানমার হয়ে এই সোনার বিস্কুটগুলো ভারতের বাজারে বিক্রি করার পরিকল্পনা ছিল।

বাংলার মানুষের কাছে দেশপ্রেমিক প্রফুল্ল চন্দ্র সেন শিক্ষক হিসেবেও চিরস্মরণীয়

মহেশ্বর চক্রবর্তী ● হুগলি



বরণীয় যারা তাদের স্মরণ করার, এটাই তো বিশেষ দিন। ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবস। এক জন আদর্শ শিক্ষক ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ (৫ সেপ্টেম্বর, ১৮৮৮, ১৭ এপ্রিল, ১৯৭৫) তামিলনাড়ুর তিরুট্টানিতে এক দরিদ্র ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর জন্মদিনকে স্মরণ করে সারা দেশ জুড়ে পালিত হচ্ছে শিক্ষক দিবস। এদিন আরামবাগের গান্ধি নামে পরিচিত প্রফুল্ল চন্দ্র সেনের শিক্ষকতা নিয়ে নানা ইতিহাস চিরস্মরণীয়। তিনি একাধারে যেমন দেশপ্রেমিক, স্বাধীনতা সংগ্রামী, গান্ধিবাদ নেতা, রাজনীতিবিদ সহ নানা ভূষণে ভূষিত তেমনি শিক্ষক হিসাবে তাঁর সমাজ সেবার ভূমিকা খুবই তাৎপর্যপুর্ণ। শিক্ষক হিসাবেই তিনি তার দেশসেবা শুরু করেন। ১৮৯৭ সালে বাংলাদেশের খুলনা জেলার সেনহাটিতে জন্মগ্রহণ করেন। বাবা গোপাল চন্দ্র সেন সরকারি প্রযুক্তিবিদ থাকায় তাকে বিহার ও পরবর্তীকালে উত্তরপ্রদেশে কাটাতে হয়। ছোট বেলা থেকেই মেধাবী ছাত্র প্রফুল্লচন্দ্র সেন প্রবেশিকা পরীক্ষায় পাশ করে স্কটিশচার্চ কলেজে ভর্তি হন। তারপর বিএসসি পাশ করার পর চ্যাটার্ড অ্যাকাউন্টেন্ট পড়ার ইচ্ছা হওয়ায় বিলেত যাওয়ার জন্য টিকিট কাটা হয়ে যায়। কিন্তু সেই সময়ই ডাক আসে স্বদেশি আন্দোলনের। কাল বিলম্ব না করে প্রফুল্ল চন্দ্র সেন চলেন হুগলির বিদ্যামন্দিরে শিক্ষকতা করতে। সামনে একটা উজ্জ্বল ভবিষ্যৎকে পায়ের তলায় ফেলে দিয়ে শিক্ষাকতাকে ধ্যান জ্ঞান করে নিলেন। শুধুমাত্র দেশের ছেলে মেয়েদের জাতীয়তাবোধে দীক্ষিত করে মানুষের মতো মানুষ করার জন্য। তিনি হুগলির বিদ্যামন্দিরে শিক্ষকতা করার পাশাপাশি ছাত্রদের নিয়ে শুরু করলেন সমাজ সেবার কাজ। ছাত্রদের সঙ্গে নিয়ে সারা হুগলি জেলাব্যাপী একদিকে চলল স্বদেশি আন্দোলনের কাজ অন্যদিকে পড়াশোনা পাশাপাশি সমাজ উন্নয়নের কাজ। জানা গিয়েছে, হুগলি বিদ্যামন্দিরে সেই সময় শিক্ষক হিসাবে যোগদান করে নরেন সেন, ডাঃ অবনি চট্টোপাধ্যায়, বিধু চট্টোপাধ্যায়, মিহিরলাল দাস ও প্রফুল্ল চন্দ্র সেন। এই সময় বিদ্যামন্দিরে প্রফুল্ল চন্দ্র সেন মূলত অঙ্ক করাতেন। এই বিদ্যামন্দির থেকেই শিক্ষক প্রফুল্ল চন্দ্র সেনের নতুন জীবনের সূচনা হল। গান্ধিজির ডাকে সারা দিয়ে প্রফুল্ল চন্দ্র সেন তাঁর সুযোগ্য ছাত্র শিরীষ ঘোষ ও সাগর লাল হাজরাকে সঙ্গে নিয়ে আরামবাগ মহকুমায় পাড়ি দেন। স্বদেশি কাজের পাশাপাশি ছাত্রদের সঙ্গে নিয়ে বন্যা বিধ্বস্ত আরামবাগের বিস্তৃর্ণ এলাকায় ত্রাণ বিলি করেন প্রফুল্ল চন্দ্র সেন। এই বিষয়ে আঞ্চলিক ইতিহাসবিদ তথা বিশিষ্ট সাংবাদিক দেবাশিস শেঠ জানান, এই বিশেষ দিনে আদর্শ শিক্ষক হিসাবে আরামবাগের গান্ধি প্রফুল্ল চন্দ্র সেনের অবদান অপরিসীম। নিজের উচ্চাভিলাষ, ব্যক্তিগত সুখ, স্বাচ্ছন্দ্যে জলাঞ্জলি দিয়ে প্রফুল্ল চন্দ্র সেন শিক্ষকতার মাধ্যমে দেশের কাজে ঝাঁপিয়ে পড়েন। সবমিলিয়ে বাংলার মুখ্যমন্ত্রী তথা আরামবাগের গান্ধি প্রফুল্ল চন্দ্র সেন একজন শিক্ষক হিসাবে হুগলি জেলা তথা বাংলার মানুষের কাছে চিরস্মরণীয়।